



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৭.০২২.২০২২- ২০৪১৬/৬


তারিখ: ১৪/০৮/২০২২

বিষয়: 'র্যাগ ডে' সম্পর্কিত মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৪৫১৫/২০২২ এর ১৭/০৪/২০২২ তারিখের আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.২১৪,
তারিখ: ২০/০৬/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "র্যাগ ডে" নামে নগ্নতা, ডিজেপার্টি, অশ্লিলতা, অবৈধ কার্যকলাপ, গুন্ডামি ইত্যাদি রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগ রীট পিটিশন নং-৪৫১৫/২০২২ এর ১৭/০৪/২০২২ তারিখের রায়ে নির্দেশ প্রদান করা হয়।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশ অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে "র্যাগ ডে" নামে নগ্নতা, ডিজেপার্টি, অশ্লিলতা, অবৈধ কার্যকলাপ, গুন্ডামি ইত্যাদি অনৈতিক মূল্যবোধের অবক্ষয়মূলক কার্যকলাপ করা যাবে না। এসব কার্যকলাপ রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৪/০৮/২০২২

(রূপক রায়)

সহকারী পরিচালক(সাধারণ প্রশাসন)

ফোন: ৯৫৫৬৪৩২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল);
০২. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
০৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৪. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা);
০৫. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। উপ-সচিব (সংসদ ও আইন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৬। সংরক্ষণ নথি।